“তোমাদের প্রতিটি ব্যক্তির মধ্যে ঈমান পুরাতন হতে থাকে, যেভাবে কাপড় পুরাতন হতে থাকে, সুতরাং আল্লাহর কাছে তোমরা দু‘আ করতে থাক, যেন তিনি তোমাদের অন্তরে ঈমানকে নবায়ন করে দেন।”

আব্দুল্লাহ ইবনু আমর ইবনুল ‘আ্স রদিয়াল্লাহু আনহুমা হতে বর্ণিত, তিনি বলেছেন,
আল্লাহর রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “তোমাদের প্রতিটি
ব্যক্তির মধ্যে ঈমান পুরাতন হতে থাকে, যেভাবে কাপড় পুরাতন হতে থাকে, সুতরাং আল্লাহর কাছে তোমরা দু‘আ করতে থাক, যেন তিনি তোমাদের অন্তরে ঈমানকে নবায়ন করে দেন।”
[সহীহ] [এটি হাকেম ও তবারানী বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সংবাদ প্রদান করছেন, ঈমান মুসলিম ব্যক্তির অন্তরে ক্ষয় ও দূর্বল হতে থাকে, দীর্ঘ ব্যবহারের ফলে যেভাবে নতুন কাপড় ক্ষয় ও জীর্ণ হয়ে পড়ে। আর তা মূলত ইবাদাতে শৈথিল্য করা, পাপে লিপ্ত হওয়া অথবা প্রবৃত্তির অনুসরণে নিমজ্জিত হওয়ার কারণে হয়ে থাকে। সেখান থেকে পরিত্রানের উপায় হিসেবে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নির্দেশনা দিয়েছেন যে, আমরা যেন আল্লাহ তা‘আলার কাছে দু‘আ করি যে, তিনি যেন ফরযসমূহ পালন করা ও বেশী বেশী যিকির ও ইস্তিগফার করার মাধ্যমে আমাদের ঈমানকে নবায়ন করে দেন।

https://sunnah.global/hadeeth/bn/show/65020